JAN. 24 2001

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ২

# খুলনা বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার দাবী

**খুলনা অফিস** ॥ গত সোমবার বিকালে সংগঠনের কার্যালয়ে অনুষ্ঠিত মহানগর শাখা সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের এক জরুরী সভায় কিছু সংখ্যক উচ্ছৃংখল ছাত্র কর্তৃক খুলনা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরসহ শিক্ষকদের লাঞ্ছিত করার নিন্দা জানান হয়। সভায় ছাত্র-ছাত্রীদের যৌক্তিক দাবী আলোচনার মাধ্যমে মানিয়া নিয়া বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার জন্য কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান হয়। সভায় সভাপতিত্ব করেন সাইফুল আলম সোহেল। বক্তৃতা করেন তুহিন শুভ্র চৌধুরী, আনোয়ার হোসেন, কোহিনূর আকতার কনা প্রমুখ।

খুলনা বিশ্ববিদ্যালয় পাঠক ফোরাম এক বিবৃতিতে ভাইস চ্যান্সেলরের ও ট্রেজারারের পদত্যাগ ও বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার দাবী জানান হয়।